দৈনিক ইনকিলাব

তারিখ ... JAN 03 2000 ... ...
পৃষ্ঠা ২৪ কলাম ৬

48

# চঃবিঃ-এ জোড়া খুনের ১২ দিন পর তদন্ত কমিটি গঠন

**চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** জোড়া খুনের ১২ দিন পর চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ একটি তদন্ত কমিটি গঠন করেছেন। এছাড়া ক্যাম্পাসে শিক্ষার সুষ্ঠু পরিবেশ রক্ষায় সুপারিশমালা প্রণয়নের লক্ষ্যে অপর একটি কমিটি গঠন করেছেন।

গত ১৯ ডিসেম্বর ক্যাম্পাসে ছাত্রলীগের ব্রাশ ফায়ারে শিবির নেতা রহিম উদ্দিন ও মাহমুদুল হাসান নিহত হন। এই মর্মান্তিক হত্যাকাণ্ডের বিচারের দাবীতে বৃহত্তর চট্টগ্রামে হরতাল, বিশ্ববিদ্যালয়ে অবরোধসহ বিভিন্ন কর্মসূচী পালিত হয়। বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ রাজপথে কালো পতাকা মিছিল ও সমাবেশ করেন।

এই পরিস্থিতিতে গত শুক্রবার বিকেলে ভাইস চ্যান্সেলর প্রফেসর আব্দুল মান্নানের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের সাধারণ সভা অনুষ্ঠিত হয়। সভায় হত্যাকাণ্ডের বিষয়টি উত্থাপন করা হয়। এতে দুই শিবির নেতা হত্যাকাণ্ডের ঘটনা তদন্ত ও দোষী ব্যক্তিদের সনাক্ত করার জন্য উদ্ভিদবিজ্ঞান বিভাগের প্রফেসর ড. কাজী আব্দুল বাসেতকে সভাপতি করে ৪ সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠিত হয়। কমিটিকে আগামী ১ মাসের মধ্যে রিপোর্ট দিতে বলা হয়েছে। এছাড়া বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাস দমন ও শিক্ষার সুষ্ঠু পরিবেশ রক্ষায় প্রয়োজনীয় সুপারিশমালা প্রণয়নের লক্ষ্যে কলা অনুষদের ডীন ড. ইমরান হোসেনকে সভাপতি করে আকেরটি কমিটি গঠন করা হয়। এই কমিটিকেও একমাস সময় দেয়া হয়েছে।

সিন্ডিকেট সভায় রাজনৈতিক দলগুলোর প্রতি আবেদন জানিয়ে বলা হয় যে, ক্যাম্পাসে সন্ত্রাস সৃষ্টির দায়ে যে কোন সন্ত্রাসীর বিরুদ্ধে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করলে রাজনৈতিক দলগুলো তাদের পক্ষে কোন বিবৃতি প্রদান থেকে বিরত থাকবেন। এছাড়া যে কোন সন্ত্রাসী কর্মকাণ্ড কঠোরহস্তে দমন করার জন্য আইন প্রয়োগকারী সংস্থার প্রতি অনুরোধ জানানো হয়।